



অনুবাদপিডিয়া

Saifur Rahman Khan

“ যেভাবে শিখেছি বাংলা,
সেভাবে শিখবো **English** ”

- এই সহজ-সরল-সমৃদ্ধ পদ্ধতির আবিষ্কারক



Find us at:

- @ SaifursEducation
- @ SaifursStudyClub
- @ SaifurSir
- @ SaifursPublications



একটি প্রশ্নের বিস্তারিত ব্যাখ্যা ও সমাধান

Volcanic activities have also resulted in the creation of large land masses, _____ popular impression of their sheer destructive potential. [BRDB: 2004]

A. a basis for B. an example of C. comparable to D. contrary to

অর্থ বুঝে solve

অর্থ বুঝে English বাক্য পড়ার অভ্যাস যার আছে, শুধু সে-ই পারবে এই ধরনের প্রশ্ন মাত্র ৮ সেকেন্ডে solve করতে !! হাজারো রুল মুখস্থ করে

এগুলো solve করতে পারবে না ! না !! না !!!

সারাংশ বাক্য

Activities have resulted in the creation. (কর্মকাণ্ডগুলোর ফলাফল হয়েছে সৃষ্টিতে।)

বাক্যের অর্থ

আগ্নেয়গিরির কাজকর্ম (তার মানে, অগ্ন্যুৎপাত)-এর *result*-স্বরূপ বিরাট স্থলভাগ *create* হয়েছে, যেই ব্যাপারটা *volcano*-গুলোর *sheer* (শীয়ার = চরম) ধ্বংসাত্মক *potential* (পটেন্শিয়াল = সুপ্ত শক্তি / সম্ভাবনা) সম্পর্কে *popular impression* (= জনপ্রিয় = প্রচলিত ধারণা)-র বিপরীত বা *contrary*।

অতএব, উত্তর (D)। কী বোঝা গেলো তো !!

বাংলার বাংলা = বাক্যের ব্যাখ্যা

Volcano (ভল-কেই-নোও) অর্থ 'আগ্নেয়গিরি', যেগুলোর অগ্ন্যুৎপাতে স্থলভাগ-শহর-বন্দর-বন-জঙ্গল ধ্বংস হয়। যেমন: তিন হাজার বছর আগে ইটালীতে ভিসুভিয়াসের অগ্ন্যুৎপাতে পম্পেই নগরী ধ্বংস হয়েছিলো। সাধারণ জনগণের মধ্যে একটা প্রচলিত ধারণা বা *popular impression* হলো *volcano*-র চরম ধ্বংসাত্মক বা *sheer destructive* শক্তি আছে, তথা, *volcano* শুধু ধ্বংসই করে।



আগ্নেয়গিরি

এই *popular* (= জনপ্রিয়) *impression*-এর বিপরীতে বা *contrary*-তে বিরাট ভূখণ্ড বা *large land mass* সৃষ্টি হয়েছে *volcanic activities*-এর *result*-এ বা পরিণতিতে। এটা বিশেষ করে ঘটেছে সাগরে, যেখানে পানির নিচের *volcano erupt* করেছিলো। এর ফলে সাগরের নিচের বালি, পাথর, মাটি প্রভৃতি উপরে উঠে এসে একটা দ্বীপ তৈরি করেছে, তার মানে, *volcanic activities*-এর *result* হিসেবে *large land mass create* হয়েছে।

their = তাদের = কাদের ?

বাক্যে আছে *their sheer destructive potential* । ∴ *their* অর্থ 'তাদের' ।

এখন প্রশ্ন হলো, তাদের বলতে কাদের ? !

এই বাক্য পড়ে বুঝা যাচ্ছে, *their* (= তাদের) বলতে বুঝাচ্ছে *activities* (= কর্মকাণ্ডগুলো) শব্দটাকে । তাহলে, এখানে *their* অর্থ তাদের নয়; *their* অর্থ সেগুলোর = *activity*-গুলোর ।

their নিয়ে গিট্টু খুলছি এই কারণে যে,

আমাদের দেশে বলা হয় *they* ও *their* হলো ব্যক্তিবাচক । এটা আসলে ভুল ।

দেখলেই তো, এই বাক্যে *their* হলো বস্তুবাচক ।

প্রশ্নের বাক্যকে অনুকরণ-অনুসরণ করে আরেকটা বাক্য লেখা যাক

Explanatory activities of S@ifur's books have resulted in the creation of large understanding of English among the mass people, contrary to popular impression that grammar rules, terms and structures are needed to learn English. (= S@ifur's-এর বইগুলোর ব্যাখ্যাপূর্ণ কর্মকাণ্ডগুলোর ফলাফলে গণমানুষের মধ্যে English-বুঝতে-পারাটা বিরাট আকারে সৃষ্টি হয়েছে, যেটা হলো প্রচলিত ধারণার বিপরীত যে গ্রামার রুল, শব্দ ও structure দরকার হয় English শিখতে ।)

বাক্যের অর্থ বুঝলে গ্রামার তোমার পিছনে দৌড়াবে

Volcano-র এই বাক্যে আছে ... *resulted in the creation* । তার মানে, 'in' নামক preposition-টা *result*-এর সাথে আসলো । এই জন্যই আমি বার বার বলি বাক্যের অর্থ বুঝে শিখলে *appropriate preposition, tense, voice* প্রভৃতি মনে রাখা ও solve করা একদম সহজ হয়ে যায় ।

একই ধরনের আরো উদাহরণ

- (1) Corona resulted in the creation of large unemployment.
= করোনার ফলে বিরাট বেকারত্ব সৃষ্টি হয়েছে ।
- (2) Muktiyuddo resulted in the creation of Bangladesh
- (3) Garments resulted in the creation of many jobs.
- (4) Learning rules resulted in the creation of weakness in English.
- (5) Big Bang resulted in the creation of the universe.
- (6) Strong winds resulted in the creation of the tornados.

আবার, (Q) *Creation of large unemployment was the result of corona.*

খেয়াল করো, *result*-এর পরে এখানে হলো 'of', যেহেতু Q বাক্যের বক্তব্য হলো ভিন্ন ।

Volcanic activities-এর মতো বড় বড় বাক্য ভেঙে ভেঙে ব্যাখ্যা করে দেয়া আছে

“ হাতে-কলমে **Reading Skills** ” নামক বই-য়ে ।

তোমার সামনের পরীক্ষাগুলোতে **English**-এ ৮০% নাম্বারের চেয়েও বেশি পেতে ঐ বইটাও তোমাকে সাহায্য করবে । আমি তোমাকে আমার লেখা আরেকটা বই পড়তে বললাম, এই জন্য তোমার যদি মনে হয় যে, আমি আমার বইয়ের মার্কেটিং করতেরছি,

তবে তোমার মতো হতভাগা ছাত্র এবং তোমার মতো দুর্ভাগা পাঠক আমার দরকার নেই, নেই, নেই ।

সত্যি বলছি, তুমি এই বইটাও এখনই বন্ধ করে

P.C. দাশ, রেন and মার্টিন, রেমন্ড মার্কি,

Barron's ক্লিফ্‌স্, **TOEFL** প্রভৃতি প্রচলিত বই পড়ো গিয়ে

আর **FaceBook-Youtube** চ্যানেল থেকে English শিখো গিয়ে ।

মাফ চাই তোমার কাছে !!!

আমি এত শক্ত কথা বলতেছি ইচ্ছে করেই !!

আর তোমার যদি সঙ্কল্প থাকে, *determination* থাকে, নিয়ত থাকে যে, তুমি English-এ প্রচণ্ড দক্ষ হবে, তবে আমার কথামতো চললে, ইনশাআল্লাহ তোমার মনের আশা পূরণ হবে ।

English বাক্য বোঝার দক্ষতা বাড়াও

তোমার নজরকে বড় করো, অনেক, অনেক বড়ো । আর নজর বড় হবে, লক্ষ্য উঁচুতে পৌঁছবে English-এ ভালো হতে পারলে । কেমন ভালো ! একটা সত্য উদাহরণ দিচ্ছি !

ঢাকা ভার্সিটির যেই IBA BBA MBA-র নাম শুনলে,

সব্বাই দূর থেকে একটা সালাম দিয়ে বিদায় নেয়,

ভর্তি পরীক্ষা দেয়ার সাহসই পায় না,

সেই DU IBA-র টিচার ছিলাম আমি !

সেই টিচারের চাকুরি আমি স্বেচ্ছায় ছেড়ে দেই যাতে **S@ifur's** শুরু করতে পারি ।

তার মানে, ঢাকা ভার্সিটির টিচারের চাকুরীও

স্বেচ্ছায় ছেড়ে দেয়া যায়

English-এ সত্যিকারের দক্ষ হতে পারলে !!

English-এ দক্ষ হওয়ার টেকনিক মাত্র একটাই = অর্থ বুঝা !

01. Though leprosy is not contagious, those who have contracted it have always been pariahs and _____ by others.

(A) ostracized (B) accepted (C) sheltered (D) admonished (E) lauded

শব্দের অর্থ

leprosy (লে-প্র-সি) = কুষ্ঠরোগ | **contract** (কন্-ট্র্যাক্ট) = (রোগে) সংক্রমিত হওয়া |
accept (এ্যাক-সেপ্ট) = গ্রহণ করা | **contagious** (কন্টেইজাস) = সংক্রামক / ছোঁয়াচে |
laud (লঅড) = প্রশংসা করা | **pariah** (প্যারিয়াহ) = সমাজচ্যুত ব্যক্তি |
shelter (শেল্টার) = আশ্রয় দেয়া | **ostracize** (অস্ট্রা-সাইঝ) = সমাজচ্যুত করা; এড়িয়ে চলা |

Phrase বা শব্দগুচ্ছের অর্থ

Though leprosy is not contagious , = যদিও কুষ্ঠরোগ ছোঁয়াচে নয় ,
... those ... = ... তারা ...
... who have contracted it ... = ... যারা হয়েছে আক্রান্ত এতে ...
... have always been pariahs ... = ... হয়ে সবসময়ই আসছেন সমাজচ্যুত ...
... and _____ by others . = ... এবং _____ অন্যদের দ্বারা |

প্রশ্নের বাক্যের অর্থ

যদিও কুষ্ঠরোগ সংক্রামক নয়, তবুও তারা যারা এতে আক্রান্ত হয়েছে সবসময়ই সমাজচ্যুত সাব্যস্ত হয় এবং অন্যদের দ্বারা _____ হয়।

সমাধান

চিন্তা করো তো, কোন্টি খাপ খায় ?

পূর্ণ ইংরেজি বাক্যের অনুবাদ

Though leprosy is not contagious, যদিও কুষ্ঠরোগ সংক্রামক নয়,
those who have contracted it have always been
তবুও যারা আক্রান্ত হয়েছে এতে তারা সবসময়ই হয়ে আসছে
pariahs and **ostracized** by others.
সমাজচ্যুত ব্যক্তি এবং অন্যরা এড়িয়ে চলে তাদের।

একই *structure* দিয়ে আরেকটি বাক্য

Since AIDS disease is contagious,
those who have contracted it have always been pariahs
যেহেতু AIDS রোগ সংক্রামক, তাই যারা আক্রান্ত হয়েছে এতে, তারা হয় সব সময়ই সমাজচ্যুত ব্যক্তি
and **ostracized** (= avoided) by others.
এবং অন্যরা এড়িয়ে চলে তাদের।

পরীক্ষার হলে
এ ধরনের প্রশ্ন আমি কিন্তু
আল্লাহতাআলার রহমতে
৫ সেকেন্ডেই করে ফেলি।
আর এই দ্রুততার
secret হলো
ইংরেজি বাক্য
তৃপ্তি মতো বোঝা।

তৃপ্তি নিয়ে শিখো !

02. Global warming has a _____ effect on life. { DU, (B): 2008-09 }
A) pollutant B) industrious C) disastrous D) destruction

শব্দের অর্থ

globe (গ্লোব্)	= বিশ্ব		warming (ওয়ার্মিং)	= তাপমাত্রা বেড়ে যাওয়া	
disaster (ডিসাস্টার)	= বিপর্যয়		disastrous (ডিসাস্ট্রাস)	= বিপর্যয়মূলক	
pollute (পলিউট)	= দূষণ করা		industrious (ইন্-ডাস্-ট্রিআস)	= পরিশ্রমী	
effect (ই-ফেক্ট)	= প্রভাব		destruction (ডেস্-ট্রাকশন)	= ধ্বংস	
warm (ওয়ার্ম)	= উষ্ণ		pollutant (পলিউট্যান্ট)	= দূষণকারী পদার্থ	
global (গ্লোবাল)	= বিশ্বব্যাপী				

Phrase বা শব্দগুচ্ছের অর্থ

Global warming has ... = বিশ্বব্যাপী উষ্ণতা বৃদ্ধির আছে ...
... a _____ effect on life . = ... একটি _____ প্রভাব জীবনের উপর |

অপূর্ণ বাক্যের অর্থ

বিশ্ব তাপমাত্রা বৃদ্ধির একটি _____ প্রভাব আছে প্রাণীজগতের উপর।

সমাধান

উপরের শূণ্যস্থানে A, B, C, D প্রতিটি উত্তর বসালে পাওয়া যায় নিচের বাক্যগুলো :

- (A) বিশ্বব্যাপী *warming*-এর আছে *pollutant* (দূষক) প্রভাব প্রাণের উপর |
(B) বিশ্বব্যাপী *warming*-এর আছে *industrious* (পরিশ্রমী) প্রভাব প্রাণের উপর |
(C) বিশ্বব্যাপী *warming*-এর আছে *disastrous* (বিপর্যয়কর) প্রভাব প্রাণের উপর |
(D) বিশ্বব্যাপী *warming*-এর আছে *destruction* (ধ্বংস) প্রভাব প্রাণের উপর |

কোনটি অর্থবহ হয় ? 'ধ্বংস প্রভাব' কথাটা কিন্তু হয় না। তাই উত্তর (D) হবে না। উত্তর (C)।

পূর্ণ ইংরেজি বাক্যের অনুবাদ

Global warming has a disastrous effect on life.

(বিশ্বব্যাপী তাপমাত্রা বৃদ্ধির একটা বিপর্যয়মূলক প্রভাব আছে (প্রাণের তথা) প্রাণীজগতের উপর।)

Global warming-এর সহজ উদাহরণ

ঢাকা শহরে এখন এত গাড়ি, অথচ মাত্র ১১০ বছর আগে ১-টিও গাড়ি ছিলো না ঢাকা শহরে।

এই সব গাড়ি থেকে কার্বন-ডাই-অক্সাইড বের হওয়ার ফলে

ঢাকা শহরের তাপমাত্রাও দুই-তিন ডিগ্রি সেন্টিগ্রেড বেড়েছে এক শো বছর আগের তুলনায়।

পুরো পৃথিবীতে একই ঘটনা ঘটছে। এছাড়াও, মিল-ফ্যাক্টরীর কারণেও তাপমাত্রা বাড়ছে।

আর পুরো পৃথিবীর তাপমাত্রা এভাবে বেড়ে যাওয়াটাই হলো *global warming*।

BCS-এ ভালো করতেও এই বই

03. I regret that we shall be unable to _____ all who have requested rooms for the weekend of graduation.

(A) correlate (B) accommodate (C) elucidate (D) saturate (E) intimidate

শব্দের অর্থ

correlate (কোরিলেইট) = সম্পর্কযুক্ত হওয়া । **weekened** (উস্কেন্ড) = শনিবার বা রবিবার ।
regret (রিগ্রেট) = অনুতাপ করা । **elucidate** (য়েলিউসিডেইট) = ব্যাখ্যা করা ।
saturate (স্য্যাচিউরেইট) = পরিপূর্ণ করা । **intimidate** (ইন্টিমিডেইট) = ভয় দেখানো ।
accommodate (অ্যা-ক-ম-ডেইট) = জায়গা করে দেয়া ।

শব্দগুচ্ছের অর্থ

I regret that	...	=	আমি দুঃখিত যে	...
... we shall be unable to _____	...	=	আমরা সক্ষম হবো না _____	...
... all who have requested	...	=	সবাই যারা অনুরোধ করেছেন	...
... rooms	...	=	রুমের জন্য	...
... for the weekend	...	=	সপ্তাহান্তের জন্য	...
... of graduation	...	=	graduation-এর	।

প্রশ্নে প্রদত্ত অপূর্ণ বাক্যের অর্থ

graduation অনুষ্ঠান যে *weekend*-এ হবে, আমি দুঃখিত যে সে *weekend*-এ যারা রুমের জন্য অনুরোধ করেছেন আমরা তাঁদের সবাইকে _____ সক্ষম হবো না ।

সমাধান

চিন্তা করো তো, A, B, C, D ও E-এর মধ্যে কোন্টি খাপ খায় ? একমাত্র (B) ।

পূর্ণ ইংরেজি বাক্যের অনুবাদ

I regret that we shall be unable to accommodate all who have requested rooms for the weekend of graduation.
(*graduation* অনুষ্ঠান যে *weekend*-এ হবে, সে *weekend*-এ যারা রুমের জন্য অনুরোধ করেছেন তাঁদের সবাইকে আমরা জায়গা দিতে সক্ষম হবো না বলে আমি দুঃখিত ।)

বাংলার বাংলা

বিদেশী ভার্শিটিগুলোতে ৪ বছরের পড়াশুনা শেষে একটি অনুষ্ঠানের মাধ্যমে অনার্স / BBA প্রভৃতির *certificate* দেয়া হয়। এই অনুষ্ঠানকে বলা হয় *graduation ceremony*। সংক্ষেপে বলা হয় *graduation*। এই অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের পিতা-মাতারা দেশ-বিদেশ থেকে ঐ দিন হাজির হয়। ফলে ২/১ দিন থাকার জন্য ভার্শিটিতে প্রচুর রুমের প্রয়োজন হয়। এই অনুষ্ঠানটা সাধারণত হয় শনিবার বা রবিবার, যেটা হলো আমেরিকান হিসাবে *weekend*। আর আমাদের দেশে এই অনুষ্ঠানকে বলা *convocation*। এই ডিগ্রী পাওয়াটাকে ইংরেজিতে বলা হয় *graduate* হওয়া।

পাঠকের মন্তব্য

“ **S@ifur's 4G Newest** আমার বইটি পড়ে ২ মাসে যা শিখেছি, গত ১৬ বছরে স্কুল-কলেজে ভার্শিটিতে ক্লাস করে এবং এত বই পড়েও, তা শিখিনি। ”

05. It is a ____ to call this place a first-class hotel. {BBA ভর্তি পরীক্ষা: 9th ব্যাচ}
(A) faulty (B) error (C) misnomer (D) wrong (E) none of these

শব্দের অর্থ

fault (ফঅল্ট) = দোষ। **faulty** (ফঅল্টি) = ত্রুটিযুক্ত। **misnomer** (মিসনোমার) = ভুল নামকরণ।

শব্দগুচ্ছের অর্থ

It is a _____ ... = এটি হলো একটি _____ ...
... to call this place ... = ... ডাকা এই স্থানটিকে ...
... a first class hotel . = ... একটি প্রথম শ্রেণির হোটেল ।

প্রশ্নের বাক্যের অর্থ

এটি একটি _____ এই স্থানটিকে প্রথম শ্রেণির হোটেল বলে ডাকলে ।

সমাধান

বাক্য পড়ে বুঝা যাচ্ছে (C)-টাই খাপ খায় ।

English-এর বাংলা

It is a **misnomer** to call this place a first-class hotel.
{এই স্থানটিকে একটি প্রথম শ্রেণির হোটেল বলা হলে ভুল নাম দেয়া হবে।}

বাংলার বাংলা

তার মানে, বিজ্ঞাপনে হয়তো ঐ হোটেলকে বলা হয়েছিলো একটি *first* ক্লাস হোটেল। কিন্তু, সেই হোটেলে যাওয়ার পর ও থাকার পর দেখা গেলো যে, ঐ হোটেলের সেবা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, সুযোগ-সুবিধা, কর্মচারীদের আচরণ প্রভৃতি আদৌ মানসম্মত নয়। তখন, ঐ মন্তব্য করা হলো যে, *this place*-কে *first* ক্লাস হোটেল নামে ডাকা আসলে একটা ভুল নামকরণ বা *misnomer* ।

একই *structure* দিয়ে আরেকটি বাক্য

It is a misnomer to call Jatio Varsity a World-class University.
(এটা হলো নামের অপপ্রয়োগ যদি জাতীয় ভার্শিটিকে বলা হয় একটি বিশ্বমানের ভার্শিটি।)

অর্থ শিখতে গ্রামার লাগে না !

10. Negative impact of brain-drain is not _____ by increase of remittance income.
(A) confirmed (B) mitigated (C) dogmatic (D) equitable (E) practicable

{ EMBA: 12th Batch }

শব্দের অর্থ

impact	(ইম্-প্যাক্ট)	= প্রভাব		negative	= নেতিবাচক	= ক্ষতিকর	
confirmed	(কন্ফার্মড)	= নিশ্চিত		mitigate	(মিটিগেইট্)	= কমানো	
dogmatic	(ডগ্‌ম্যাটিক্)	= একগুঁয়ে		remittance	(রেমিট্যান্স্)	= প্রেরিত অর্থ	
equitable	(য়িকুইটেইবল্)	= ন্যায়সংগত		practicable	(প্র্যাক্টি-কেইবল্)	= বাস্তবায়নযোগ্য	
drain	(ড্রেইন্)	= (রাস্তার) ড্রেন ; (পানি / ময়লা ইত্যাদি) সরানো / বের করা					
brain-drain	(ব্রেইন্-ড্রেইন্)	= <i>brain</i> -কে <i>drain</i> করা = মগজ-চালান = মেধা পাচার					

শব্দগুচ্ছের অর্থ

Negative impact	...	=	নেতিবাচক প্রভাব	...
... of brain drain	...	=	...	মেধা-পাচারের
... is not _____	...	=	...	হয় না
... by increase of remittance income	.	=	...	প্রবাসী আয় বৃদ্ধির দ্বারা

প্রশ্নের বাক্যের অর্থ

মেধা-পাচারের নেতিবাচক প্রভাব _____ হয় না প্রবাসী আয় বৃদ্ধির দ্বারা।

সমাধান

একমাত্র (B)-এর *mitigated* (প্রশমন করা বা কমানো) শূন্যস্থানে বসালে বাক্যটি অর্থবহ হবে।

English-এর বাংলা

Negative impact of brain-drain is not mitigated by increase of remittance income.
{ প্রবাসী আয় বৃদ্ধির দ্বারা মেধা পাচারের নেতিবাচক প্রভাব প্রশমিত হয় না। }

বাংলার বাংলা = অনুবাদের ব্যাখ্যা = **Brain drain**-এর ব্যাখ্যা

BUET / DU প্রভৃতির থেকে পাশ করে মেধাবীরা Masters, PhD করতে USA / Canada যায়।

Higher studies শেষ করে তারা বেশি বেতনের job করতে ঐখানে থেকে যান।

ফলে, যদিও তারা দেশে ডলার তথা *remittance* পাঠান,

যেটার দ্বারা দেশ অর্থনৈতিকভাবে উপকৃত হয়,

কিন্তু তাদের ব্রেইন্ দ্বারা ও তাদের কর্মদক্ষতা দিয়ে বাংলাদেশ সরাসরি উপকৃত হলো না।

এতে দেশের একটা ক্ষতি হলো।

Canada, Australia প্রভৃতি দেশ ডাক্তার, ইঞ্জিনিয়ার, Manager, প্রভৃতি দক্ষ পেশাজীবীদের

বাংলাদেশ থেকে *migration* করে ঐ সব দেশের নাগরিক হওয়ার সুযোগ দিচ্ছে।

এভাবেও *brain-drain* ঘটছে।

English-এর অর্থ বোঝার পিছনে দৌড়াও !

13. We must also have faith in _____ solutions as well as foreign ones. {JNU (ক)০৮-০৯}
(ক) deep-rooted (খ) innovative (গ) multicultural (ঘ) indigenous

শব্দের অর্থ

faith (ফেইথ্) = বিশ্বাস; আস্থা । **innovative** (ইনো-ভেইটিভ্) = সৃজনশীল ।
ones (ওয়ান্‌স্) = গুলো = সমাধানগুলো । **indigenous** (ইন্ডি-জেনাস্) = দেশীয় ।
deep-rooted (ডীপ্-রুটেড্) = গভীরে শিকড় এমন = দৃঢ় ।
foreign ones = *foreign solutions* = বিদেশি সমাধানগুলো ।

শব্দগুচ্ছের অর্থ

We must also have faith ... = আমাদের অবশ্যই রাখতে হবে আস্থা ...
... in _____ solutions ... = ... _____ সমাধানের মধ্যে ...
... as well as foreign ones . = ... বিদেশিগুলোর পাশাপাশি ।

অপূর্ণ বাক্যের অর্থ

আমাদের সকলেই আস্থা রাখা উচিত বিদেশিগুলোর সাথে সাথে _____ সমাধানের উপর ।

সমাধান

(ক), (খ), (গ) ... শূন্যস্থানে বসালে শুধু খাপ (ঘ) খায় :
(ক) বিদেশিগুলোর সাথে সাথে *deep-rooted* সমাধানের উপরও আস্থা রাখতে হবে ।
(খ) বিদেশিগুলোর সাথে সাথে সৃজনশীল সমাধানের উপরও আস্থা রাখতে হবে ।
(গ) বিদেশিগুলোর সাথে সাথে *multicultural* সমাধানের উপরও আস্থা রাখতে হবে ।
(ঘ) বিদেশিগুলোর সাথে সাথে *indigenous* সমাধানের উপরও আস্থা রাখতে হবে ।

English-এর বাংলা

We must also have faith in **indigenous** solutions as well as foreign ones.
{আমাদের অবশ্যই আস্থা রাখতে হবে বিদেশি solutions-এর সাথে সাথে দেশীয় solutions-এর উপর ।}

বাংলার বাংলা

বাংলাদেশীদের ইংলিশের সমস্যা দূর করতে বিদেশি সমাধান বা foreign solution আনা হলো যে,

① গ্রামার দিয়ে English শিখাও ও ② English দিয়ে English শিখাও ।

আর S@ifur's-এর এই যুগান্তকারী বইগুলো হলো

দেশীয় বা *indigenous solution* : অর্থ বুঝে English শিখো ।

কারো কারো অভ্যাস দেশি জিনিসকে ছোট চোখে দেখা । এই বাক্যে বলা হলো,

S@ifur's-এর মত *indigenous* সমাধানকে হয় নজরে না দেখে,

সেটার উপরও *faith* রাখা ।

গ্রামারের মৃত্যু = ভাষার জন্ম !

14. In such a _____ grouping, a wide range of talent must be expected.
 (A) casual (B) formal (C) homogeneous (D) heathenish (E) heterogeneous
 { BBA Admission Test 1993 – 94 }

শব্দের অর্থ

formal (ফর্মাল) = আনুষ্ঠানিক	heterogenous (হেটেরো-জেনাস্) = বিভিন্ন ধরনের
casual (ক্যাসুয়াল্) = দৈনন্দিন	homogenous (হোমো-জেনাস্) = একই ধরনের
heathen (হীদেন্) = বিধর্মী	expected (য়েক্সপেক্টেড্) = প্রত্যাশিত

শব্দ গুচ্ছের অর্থ

In such a	...	=	এমন একটি	...
_____ grouping	,	=	_____ দলে	,
a wide range	...	=	ব্যাপক পরিসর	...
of talent	...	=	মেধার	...
must be expected	.	=	অবশ্যই করতে হবে আশা	।

প্রশ্নে প্রদত্ত অপূর্ণ বাক্যের অর্থ

এমন একটি _____ দলে, বিভিন্ন ধরনের মেধার অধিকারী ব্যক্তিদের থাকাটা অবশ্যই প্রত্যাশিত।

সমাধান

চিন্তা করো তো A, B, C, D ও E বসালে কোনটিতে খাপ খায় :

- (A) এমন একটি *casual* মিশ্রণের দলে, মেধার ব্যাপক ব্যাপ্তি অবশ্যই আশা করা যায়।
 (B) এমন একটি *formal* মিশ্রণের দলে, মেধার ব্যাপক *range* অবশ্যই আশা করা যায়।
 (C) এমন একটি **একই ধরনের** মিশ্রণের দলে, মেধার ব্যাপক ব্যাপ্তি *must be expected*।
 (D) এমন একটি *heathenish* মিশ্রণের দলে, মেধার ব্যাপক ব্যাপ্তি অবশ্যই আশা করা যায়।
 (E) এমন একটি **বৈচিত্রময়** মিশ্রণের দলে, মেধার *wide* ব্যাপ্তি *must be expected*।

চিন্তা করো তো, কোনটি খাপ খায়।

English-এর বাংলা

In such a **heterogeneous** grouping, a wide range of talent must be expected.
 (এমন একটি বিচিত্র মিশ্রণের দলে, বিভিন্ন ধরনের মেধা থাকাটা অবশ্যই আশা করা যায়।)

বাংলার বাংলা

একটি গ্রুপে যদি শুধু A⁺-দের রাখা হয়, তবে সেটা হলো একটা *homogeneous group*। কেননা, সবাই A⁺ হওয়াতে মেধার দিক দিয়ে সর্বাই তো কাছাকাছি। যারা ফুটকা খেতে ভালবাসে, এটার ভিত্তিতে একটা গ্রুপিং করলে, ঐ গ্রুপে বিভিন্ন ধরনের মেধার যেমন: D, A⁺, B মানুষ থাকবে। এটা হবে *heterogeneous* গ্রুপিং। *talent* কম ও বেশির মধ্যে অনেক পার্থক্য থাকবে। তার মানে, *wide range* হবে।

আমি জীবনেও গ্রামারের পিছনে দৌড়াইনি !

15. All questions must be originals, that is, formulated _____ for the test.
(A) inclusively (B) exclusively (C) equally (D) commonly
{ Bangladesh Rural Development Board পরীক্ষা 2004; সাধারণ বীমা পরীক্ষা 2006 }

শব্দের অর্থ

original (অরিজিনাল) = নতুন | **formulate** (ফর্মিউলেইট) = তৈরি করা |
equally (ইকুয়্যালি) = সমানভাবে | **inclusively** (ইনক্লুসিভলি) = অন্তর্ভুক্তভাবে |
commonly (কমনলি) = সাধারণভাবে | **exclusively** (য়েক্সক্লুসিভলি) for xyz = শুধু xyz-এর জন্য |

শব্দগুচ্ছের অর্থ

All questions	...	=	সকল প্রশ্ন	...
... must be originals	,	=	অবশ্যই হবে মৌলিক	,
... that is	,	=	অর্থাৎ	,
... formulated	...	=	তৈরি করা হবে	...
... _____ for the test	.	=	পরীক্ষার জন্য	

প্রশ্নের বাক্যের অর্থ

সব প্রশ্ন অবশ্যই হবে মৌলিক, অর্থাৎ, যেগুলো তৈরি করা হবে _____ পরীক্ষার জন্যই।

সমাধান

must be originals = তার মানে, *only for the test*।

English-এর বাংলা

All questions must be originals, that is, formulated **exclusively** for the test.
(সব প্রশ্নই মৌলিক বা নতুন হতে হবে, অর্থাৎ, কেবল এই পরীক্ষাটার জন্যই তৈরি হতে হবে।)

বাংলার বাংলা

এই বাক্যে বলা হলো, *all questions* হতে হবে *original* বা নতুন, তার মানে, শুধুমাত্র (= *exclusively*) এই test-এর জন্যই তৈরি করতে হবে। মজার ব্যাপার হলো, এই বাক্যের বিপরীত কাজ করেছেন বাংলাদেশী প্রশ্নপ্রণেতা। যেমন, এই প্রশ্নটা ২০০৪ এবং ২০০৬ সালে job পরীক্ষায় এসেছে। আবার, এটা আসলে নেয়া হয়েছে বিদেশী SAT বা GRE নামক বই থেকে। তার মানে, বাংলাদেশে চাকুরী পরীক্ষার প্রশ্ন যারা তৈরি করেন, তারা বিদেশী বই থেকে প্রশ্ন কপি-পেস্ট করেন। নতুন কোনো প্রশ্ন তৈরি করেন না।